মেহেরপুরে আওয়ামী লীগ ও ছাত্রলীগের ৭ নেতা কারাগারে

মেহেরপুরে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঘটনায় দায়ের হওয়া মামলায় আওয়ামী লীগ ও জেলা ছাত্রলীগের ৭ নেতাকর্মীকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

সোমবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এস এম নাসিম রেজা তাদের জামিন আবেদন নামঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আসামিরা আগে উচ্চ আদালত থেকে জামিনে ছিলেন। জামিনের মেয়াদ শেষে সোমবার তারা পুনরায় মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে হাজির হয়ে জামিন আবেদন করেন। শুনানি শেষে আদালত জামিন আবেদন নামঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

কারাগারে পাঠানো অভিযুক্তরা হলেন: মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও রাধাকান্তপুর গ্রামের ইউনুস আলীর ছেলে জুয়েল রানা, আমদহ ইউনিয়ন পরিষদের সদস্য ও বামনপাড়া গ্রামের আব্দুল জলিলের ছেলে দরুদ আলী, আওয়ামী লীগ নেতা আসলাম খান পিন্টু, তহবাজার ব্যবসায়ী সমিতির সাবেক সহ-সভাপতি ও আব্দুল মাবুদের ছেলে রবিন, জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও পোস্ট অফিস পাড়ার আব্দুল বারির ছেলে রাশেদুল ইসলাম আনন্দ, জেলা পূজা উদযাপন পরিষদের সাবেক সাধারণ সম্পাদক ও বড়বাজার এলাকার পঞ্চাননের ছেলে কাজল দত্ত, গোলাম হোসেনের ছেলে সামিরুল।

গাংনীতে জুলাই যোদ্ধাদের স্বরণে মোমবাতি প্রজ্বলন ও

আলোকচিত্রী প্রদর্শন

জুলাই গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে শাহাদৎ বরণকারী সকল দেশ প্রেমিকদের আত্মার মাগফেরাত কামনা, পঙ্গু ও আহতদের সুস্থতা কামনায় দোয়ার মাহফিল ও মোমবাতি প্রজ্বলন কর্মসূচি পালন করা হয়েছে।

বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপি’র গাংনী উপজেলা ও পৌর শাখার উদ্যোগে গতকাল রবিবার সন্ধ্যায় এই কর্মসূচির আয়োজন করা হয়।

কাজিপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক মতিউর রহমান মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

প্রধান বক্তা ছিলেন, মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়কয়ক মাহাবুবুর রহমান মাহবুব। জাতীয়তাবাদি সামাজিক সাংস্কৃতিক সংগঠন জাসাসের গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক সুলেরী আলভীর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন।

এসময় জুলাই আগষ্টের নিহতদের স্বরণে আলোকচিত্রী উপস্থাপন করা হয়।

৮ জুলাই মেহেরপুরে আসছে জাতীয় নাগরিক পার্টির নেতারা

বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও গণতান্ত্রিক বাংলাদেশ গঠনের অঙ্গীকার নিয়ে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সারাদেশে শুরু করেছে ‘জুলাই পদযাত্রা’ কর্মসূচি। এরই ধারাবাহিকতায় আগামী ৮ জুলাই, মঙ্গলবার এনসিপির আহ্বায়ক ও একদফার ঘোষক নাহিদ ইসলাম মেহেরপুর সফর করবেন।

সফরকালে তার সঙ্গে থাকবেন এনসিপির মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ, সারজিস আলমসহ কেন্দ্রীয় কমিটির একঝাঁক উদ্যমী তরুণ নেতৃত্ব। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো, দেশের প্রান্তিক

জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে নতুন বাংলাদেশ গড়ার স্বপ্ন ও ভাবনা তুলে ধরা।

অনুষ্ঠানসূচি অনুযায়ী খলিশাকুন্ডি থেকে গাংনী বাজারে পদযাত্রা ও পথসভা, বিকেল ৪টায় ড. শহীদ সামসুজ্জোহা পার্কে সমাবেশ ও পশুর হাট পর্যন্ত পদযাত্রা, সন্ধ্যা ৭:৩০টায় কেদারগঞ্জ বাজারে পথসভা এবং রাত ৮টায় মুজিবনগর উপজেলা অফিস উদ্বোধন অনুষ্ঠিত হবে।

গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ও বিএনপি নেতা ইনসারুল হক আর নেই

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য, গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইন্সু (৪৮) ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

রবিবার দিবাগত রাত ২টার দিকে (সোমবার ভোরে) রাজধানীর পান্থপথে অবস্থিত বিআরবি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব এবং অসংখ্য রাজনৈতিক সহকর্মী রেখে গেছেন।

ইনসারুল হক ইন্সু গাংনী পৌর শহরের বিশ্বাসপাড়া এলাকার প্রয়াত আব্দুল করিম মালিথার ছেলে।

জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক জানান, দীর্ঘদিন ধরে ইনসারুল হক ইন্সু খাদ্যনালীর জটিলতায় ভুগছিলেন। তার খাদ্যনালী শুকিয়ে গিয়েছিল, যার ফলে তিনি কিছুই খেতে পারতেন না। অবস্থা সংকটাপন্ন হওয়ায় দীর্ঘদিন ধরে তিনি ঢাকার বিআরবি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। প্রেসার ক্রমাগত নিম্ন থাকায় অস্ত্রোপচার করা সম্ভব হচ্ছিল না। হঠাৎ অবস্থার অবনতি হলে তাকে আইসিইউতে নেওয়া হয়, কিন্তু শেষরক্ষা হয়নি।

তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, জেলা বিএনপির সাবেক সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, আহ্বায়ক কমিটির সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসান, গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু প্রমুখ। নেতৃবৃন্দ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

ইনসারুল হক ইন্সুর ভাই, বিএনপি নেতা ইনামুল হক জানান, আজ সোমবার বিকেল ৩টায় গাংনী হাইস্কুল মাঠে তার জানাজার নামাজ অনুষ্ঠিত হবে। জানাজা শেষে গাংনী কেন্দ্রীয় কবরস্থানে তাকে দাফন করা হবে।

মেহেরপুরে জেলা বিএনপির সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুরে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ কার্যক্রম অব্যাহত রয়েছে। আজ শনিবার সকাল ১০টায় মেহেরপুর শহরের হোটেল বাজার থেকে কলেজ মোড় পর্যন্ত এক বিশাল গণসংযোগ অনুষ্ঠিত হয়।

গণসংযোগ চলাকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, আমরা তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে মাঠে নেমেছি। যতদিন দেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত না হবে, ততদিন বিএনপির গণসংযোগ চলবে।

তিনি আরও বলেন, মানুষ ধানের শীষকে বিশ্বাস করে, কারণ ধানের শীষ মানেই জনগণের অধিকার, ন্যায়বিচার ও মুক্ত গণতন্ত্রের প্রতীক। জনগণ আমাকে ভালোবাসে এবং যখনই তাদের কাছে যাই, তারা বলেন ‘ধানের শীষ চাই’। এতে প্রমাণ হয়, আগামীর বিজয় ইনশাআল্লাহ ধানের শীষেরই হবে।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ,

সদস্য ইলিয়াস হোসেন, হাফিজুর রহমান হাপি, সাবেক পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মোল্লা মিন্টু, যুব মহিলা দলের সাংগঠনিক সম্পাদক রহমান আহমেদ, রোমানা আহমেদ, আলমগীরসহ জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্যবৃন্দ, যুবদল, ছাত্রদল, স্বেচ্ছাসেবক দলসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান আজ শুক্রবার সকালে মেহেরপুর শহরের বড় বাজার এলাকায় গণসংযোগ করেছেন।

গণসংযোগকালে তিনি পথচারী, দোকানদারসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাদের সার্বিক খোঁজখবর নেন।

এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, আনসারুল হক, হাফিজুর রহমান হাফী, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা স্বেচ্ছাসেবক দলের নেতৃবৃন্দসহ বিএনপি ও এর অঙ্গসংগঠনের অন্যান্য নেতাকর্মীরা।

গণসংযোগ চলাকালে দলীয় নেতারা বলেন, “দেশের জনগণের ভোট ও ভাতের অধিকারের আন্দোলনে বিএনপি সবসময় জনগণের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে।”

গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ শুক্রবার দুপুরের দিকে তার উত্তরপাড়ার বাড়িতে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন।

তবে, কি মামলায় গ্রেফতার করা হয়েছে এখনো জানাননি তিনি। তার বিরুদ্ধে মামলাগুলো যাচাই বাছাই করার পর সিদ্ধান্ত নেয়া হবে বলে জানান ওসি।

যুবলীগ নেতা শফি কামাল পলাশ গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের প্রভাষক।

জানা গেছে, জুলাই আগষ্ট বিপ্লবের পর শফি কামাল পলাশ দীর্ঘদিন গা ঢাকা দিয়ে চলছিলো। তার বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের উপর হামলাসহ বেশ কয়েকটি মামলা হয়েছে।

শফি কামাল পলাশ বর্তমানে গাংনী থানা পুলিশের হেফাজতে রয়েছেন।

ঝিনাইদহে বিএনপির স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

জুলাই আগস্ট গণঅভ্যুত্থান শোক ও বিজয়ের বর্ষপূতি উপলক্ষে ঝিনাইদহে রক্তদান কর্মসূচী করেছে বিএনপি। বৃহস্পতিবার সকালে শহরের এইচএসএস সড়কের দলটির দলীয় কার্যালয়ে এ কর্মসূচীর আয়োজন করে জেলা বিএনপি।

ডক্টর’স এসোসিয়েশন (ড্যাব)’র জেলা সভাপতি ডা. হাসানুজ্জামানের

সভাপতিত্বে রক্তদান ক্যাম্পে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ।

এছাড়া রক্তদান ক্যাম্পে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জন ডা. কামরুজ্জামান, ড্যাবের জেলা সহ সভাপতি ডা. আব্দুল খালেক, জেলা বিএনপির সহ সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, আক্তারুজ্জামান, এনামুল হক মুকুল, যুগ্ম সাধারণ সম্পাদক এম শাহজাহান, আসিফ ইকবাল মাখন, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপ্পু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু।

এছাড়া সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আলমগীর হোসেন আলম, মহিলা দলের সভাপতি অধ্যক্ষ কামরুন্নাহার লিজি, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিকসহ বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।
সেসময় বক্তারা বলেন, দেশের প্রতিটি সংকটকালীন সময়ে বিএনপি মানুষের পাশে দাঁড়িয়েছে। রক্তদান কর্মসূচির মাধ্যমে দলটি মানবিক ও সামাজিক দায়বদ্ধতার পরিচয় দিয়ে যাচ্ছে।

আলোচনা সভা শেষে বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা স্বেচ্ছায় রক্তদান করেন। কর্মসূচী থেকে অসুস্থ ও অসহায় রোগীদের জন্য রক্ত সংগ্রহ করে সদর হাসপাতাল কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়।

মেহেরপুরে এফডিইবি সদস্যদের প্রীতি সমাবেশ ও জুলাই শহীদদের জন্য দোয়া অনুষ্ঠান

“সমৃদ্ধ দেশ গড়ার হাতিয়ার, সৎ ও দক্ষ ইঞ্জিনিয়ার” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরে ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফডিইবি) সদস্যদের নিয়ে প্রীতি সমাবেশ ও জুলাই আন্দোলনের শহীদদের মাগফেরাত কামনায় দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর আলহেরা একাডেমির হলরুমে এই আয়োজন করা হয়।

ফোরাম অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (এফইডিইবি) কেন্দ্রীয় কমিটির ছাত্র বিষয়ক সম্পাদক ও মেহেরপুর জেলা কমিটির সভাপতি প্রকৌশলী মোহাম্মদ মাসুদ পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, এফডিইবি’র মেহেরপুর জেলা শাখার প্রধান উপদেষ্টা মাওলানা তাজ উদ্দিন খান।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ইন্সটিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারস (আইডিইবি) অন্তর্বর্তীকালিন কেন্দ্রীয় কমিটির সদস্য (জনসংযোগ ও প্রচার) প্রকৌশলী মোহাম্মদ মোস্তফা কামাল।

এফডিইবি মেহেরপুর জেলা সেক্রেটারি প্রকৌশলী রাশিদুল ইসলাম বোরহানের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জুলাই আন্দোলনের সৈনিক আব্দুস সালাম, মাওলানা মাহবুব উল আলম। অনুষ্ঠানে কোরআন তেলোওয়াত ও ইসলামিক সংগীত পরিবেশন করেন আবু হোসাইন।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজ উদ্দিন খান বলেন, প্রকৌশলীদের সৎ ও যোগ্য হতে হবে। একটি দেশের উন্নয়নে প্রকৌশলীরা সর্বাত্মক ভূমিকা পালন করে থাকে। যেহেতু তারা দেশ উন্নয়নে কাজ করে তাই তাদেরকে আখেরাতের জন্য নিজেদেরকে প্রস্তুত করতে হবে ।

মেহেরপুরে জেলা বিএনপি’র মতবিনিময় সভা

মেহেরপুরে জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল ৫টায় জেলা বিএনপির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের সঞ্চালনায়

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদসহ আহ্বায়ক কমিটির অন্যান্য নেতৃবৃন্দ।

মতবিনিময় সভায় সদর উপজেলা বিএনপি, পৌর বিএনপি ও জেলা বিএনপির সম্মেলন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

পাশাপাশি, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড থেকে ইউনিয়ন পর্যন্ত দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধ করে সংগঠনকে আরও শক্তিশালী করার আহ্বান জানানো হয়।